দৈনিক বাংলা

তারিখ 18 MAR 1987
পৃষ্ঠা ... 4 কলাম ... 1

063

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

# সেপ্টেম্বর ১৯৮৭ সালের জন্য এআইটি স্কলারশিপ

মাস্টার অব ইঞ্জিনিয়ারিং অথবা মাস্টার অব সায়েন্স ডিগ্রী অর্জনকল্পে পোস্ট গ্রাজুয়েট কোর্সে এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি স্কলারশিপের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী প্রার্থিদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ১৯৮৭ সালের সেপ্টেম্বরে এই-কোর্স শুরু হবে। স্বাভাবিকভাবে মাস্টার ডিগ্রী কোর্সের মেয়াদ ২০ মাস।

২। থাইল্যান্ডের ব্যাংকক-এ এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে এই স্কলারশিপ গৃহীত হবে। এশিয়ার প্রায় ২০টি দেশের ছাত্রদের নিয়ে এই ইনস্টিটিউট একটি স্বায়ত্তশাসিত আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান। খোরাকি ভাতা, টিউশন ফি এবং টেক্সট বুক ভাতা এই স্কলারশিপের অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া একদিকের কিংবা উভয় দিকের যাতায়াত খরচও এর অন্তর্ভুক্ত রয়েছে।

৩। সেপ্টেম্বর, ১৯৮৭ সময়ে নিম্নোক্ত বিষয়ে অধ্যয়ন করা যাবে:

(ক) এনভাইরনমেন্টাল ইঞ্জিনিয়ারিং,

(খ) জিওটেকনিক্যাল ও ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং,

(গ) স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং ও কনস্ট্রাকশন।

৪। নিম্নোক্ত তারিখ ও সময়ে প্রার্থিদের সাক্ষাৎকার গৃহীত হবে:

**সাক্ষাৎকারের সময়সূচী**

| | |
|---|---|
| সাক্ষাৎকারের তারিখ: | ১৯শে ও ২০শে এপ্রিল, ১৯৮৭। |
| সময় : | সকাল ৯ ঘটিকা থেকে। বিইউইটি-এর নোটিশ বোর্ডে বিস্তারিত বিবরণ টাঙ্গিয়ে দেয়া হবে। |

৫। ডঃ শাহজাহান, ডীন, ফ্যাকালটি অব সিভিল ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা ঠিকানা থেকে প্রাপ্তব্য আবেদন করার নির্ধারিত ফরমে প্রার্থিদের আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশীট ইত্যাদির সত্যায়িত কপি পাঠাতে হবে।

৬। বিভাগীয় প্রার্থিদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থিদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গৃহীত না হলে তা বিবেচনা করা হবে না।

৭। কোন পাবলিক পরীক্ষায় ৩য় বিভাগপ্রাপ্ত প্রার্থির আবেদন করার দরকার নেই। কমপক্ষে দুইটি ১ম বিভাগ অত্যাবশ্যক। ১লা সেপ্টেম্বর, ১৯৮৭ তারিখে প্রার্থির বয়স অবশ্যই অনূর্ধ্ব ৩৫ বছর হতে হবে।

৮। তিন মাস কিংবা তার উর্ধ্ব মেয়াদের জন্য অন্যকোন স্কলারশিপ ভোগ করার পর বিদেশ থেকে প্রত্যাবর্তন করে প্রার্থি বাংলাদেশে পাঁচ বছর অবস্থান/চাকুরী না করে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

৯। সর্বশেষ ১৪ই এপ্রিল/৮৭ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র উপরে বর্ণিত ডীনের অফিসে দাখিল করতে হবে।

১০। মিথ্যা মার্কশীট সমেত মিথ্যা তথ্য পরিবেশন করা হলে, পেনাল কোডের বিধান অনুযায়ী প্রার্থির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ—টি সি চাকমা
সিনিয়র এসিস্ট্যান্ট সেক্রেটারী।

ডিএফপি(স)—৬৯৮২(২)১৬/৩ জি—১০৩৭